# জাতীয় বাজেট ২০২৩-২০২৪: সারসংক্ষেপ

## স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন



বাস্তবায়নে

BAMU
Budget Analysis and Monitoring Unit
Bangladesh Parliament Secretariat

সহযোগিতায়: DT Global

কারিগরি সহায়তায়

Funded by the European Union

50 Years of EU-Bangladesh Partnership

Global Gateway

সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)
Centre for Policy Dialogue (CPD)

বাজেট হেল্পডেস্ক ২০২৩

Technical Assistance to Support the Implementation of the PFM Reform Strategic Plan in Bangladesh

## ১. প্রেক্ষাপট : স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন বাজেটের উল্লেখযোগ্য দিক

"রূপকল্প ২০৪১" বাস্তবায়ন, সহস্রাব্দ উন্নয়ন এবং টেকসই উন্নয়নের অভীষ্টসমূহ বা এসডিজি অর্জনের প্রচেষ্টার সাথে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন বিভাগ সরাসরি সম্পৃক্ত। গ্রাম ও শহরের ব্যবধান হ্রাস করে দেশের সকল নাগরিকের জন্য সমান সুবিধা নিশ্চিত করা বর্তমান সরকারের অন্যতম নির্বাচনী অঙ্গীকার। এ অঙ্গীকার বাস্তবায়নে "আমার গ্রাম, আমার শহর", কার্যক্রম গ্রহণ করা হয়েছে। গ্রাম উন্নয়নে গৃহীত পদক্ষেপের ফলে ইতোমধ্যে দেশে দারিদ্র্যের হার বহুলাংশে হ্রাস পেয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০২২ সালের "খানা আয় ও ব্যয় জরিপ" অনুসারে, ২০১৬ সালের তুলনায় শহরাঞ্চলে দারিদ্র্য কমেছে ৪.২ শতাংশ এবং পল্লী অঞ্চলে দারিদ্র্য হ্রাস পেয়েছে ৫.৯ শতাংশ।

পল্লী ও নগর কাঠামো নির্মাণ ও সম্প্রসারণের আওতায় বিগত ১৪ বছরে পল্লী অঞ্চলে ৭৪ হাজার ৭০২ কিলোমিটার পাকা সড়ক, ৪ লক্ষ ৩০ হাজার ১৯৭ মিটার নতুন ব্রিজ, ১ হাজার ৭৬৭টি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন এবং ৩৯৯ টি উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ বা সম্প্রসারণ করা হয়েছে। গ্রামের পাশাপাশি শহর অঞ্চলে ১১ হাজার ৭৮ কিলোমিটার সড়ক/ফুটপাত, ৪ হাজার ৫৭০ কিলোমিটার ড্রেন, ১৮ হাজার ৮৪৫ মিটার ব্রিজ/কালভার্ট, ৪৫টি বাস/ট্রাক টার্মিনাল ও ৫৩টি কমিউনিটি সেন্টার নির্মাণ করা হয়েছে।

বর্তমান সরকারের সময়কালে পানি সরবরাহ ও পয়ঃনিস্কাশন ব্যবস্থায় দৃশ্যমান পরিবর্তন ও উন্নয়ন সাধিত হয়েছে। বিভিন্ন উন্নয়ন প্রকল্পের মাধ্যমে গ্রাম অঞ্চলে মোট ১০ লক্ষ ১৩ হাজার ২০০টি আর্সেনিকমুক্ত নিরাপদ পানির উৎস এবং পৌর এলাকায় ১ হাজার ৪৬১টি উৎপাদক নলকূপ স্থাপন করা হয়েছে। নগরবাসীকে সুপেয় পানি সরবরাহের উদ্দেশ্যে ঢাকা ওয়াসার মাধ্যমে 'ঢাকা ওয়াটার সাপ্লাই নেটওয়ার্ক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট' বাস্তবায়ন করা হচ্ছে।

আধুনিক নগর ব্যবস্থা গড়ে তোলার জন্য সরকার নিরলস কাজ করছে এবং বিগত ১৪ বছরে নতুন ৫টি সিটি কর্পোরেশন প্রতিষ্ঠা করেছে। সিটি কর্পোরেশন ও পৌরসভা কর্তৃক প্রদত্ত সেবাসমূহ অনলাইনভিত্তিক করার প্রচেষ্টা অব্যাহত আছে। জলাবদ্ধতা দূরীকরণে ঢাকাসহ বড় শহরগুলোতে কাজ করছে সরকার। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক 'খাল পুনরুদ্ধার, সংস্কার ও নান্দনিক পরিবেশ সৃষ্টি' প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং ২০২২-২৬ মেয়াদে বাস্তবায়নের পরিকল্পনা হাতে নেয়া হয়েছে।


গ্রামীণ অর্থনীতির উন্নয়নে অবকাঠামো উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টির জন্য বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে সরকার। বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে 'বঙ্গবন্ধু মডেল গ্রাম' প্রতিষ্ঠা শীর্ষক প্রকল্প জুলাই ২০২১ হতে জুন ২০২৪ মেয়াদে বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়াও ২০২৫ সালের মধ্যে গ্রামীণ অর্থনীতিতে পানি সরবরাহ ব্যবস্থাকে অধিকতর পরিবেশবান্ধব করার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

## ২. স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন খাতে ২০২২-২৩ বাজেট প্রস্তাবনা

আসন্ন ২০২৩-২৪ অর্থবছরে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন খাতে ৪৯ হাজার ৩৪২ কোটি টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে। এই বরাদ্দ চলতি ২০২২-২৩ অর্থবছরের বাজেট বরাদ্দের চেয়ে ১০.৪ শতাংশ বেশী এবং চলতি অর্থবছরের সংশোধিত বাজেটের তুলনায় ২.৬ শতাংশ বেশী (লেখচিত্র ১)। আসন্ন ২০২৩-২৪ অর্থবছরে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন খাতে বাজেট বরাদ্দের পরিমান মোট বাজেট বরাদ্দের ৬.৫ শতাংশ (লেখচিত্র ১)।


মন্ত্রণালয় ও বিভাগওয়ারী বরাদ্দ বিশ্লেষণে দেখা যায়, বিগত অর্থবছরগুলোর ন্যায় আসন্ন অর্থবছরেও স্থানীয় সরকার খাতের বাজেট বরাদ্দের মূল অংশ ব্যয় করবে স্থানীয় সরকার বিভাগ। এই বিভাগটির জন্য এবারের প্রস্তাবিত বরাদ্দ ৪৬ হাজার ৭০৪ কোটি টাকা - যা এই খাতের মোট বরাদ্দের ৯৩.৩ শতাংশ (লেখচিত্র-২)। এছাড়াও পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এর জন্য যথাক্রমে ১ হাজার ৪৩৩ কোটি এবং ১ হাজার ২০৫ কোটি টাকার বরাদ্দ প্রস্তাব করা হয়েছে (লেখচিত্র ২)।

**লেখচিত্র ১: বাজেটে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন খাতে বরাদ্দ**




তথ্যসূত্র: বাজেট সংক্ষিপ্তসার, বিবরণী-২, পৃ. ৭-৮

**লেখচিত্র ২: স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন খাতে মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক বরাদ্দ প্রস্তাবনা**





তথ্যসূত্র: বাজেট সংক্ষিপ্তসার, বিবরণী-২, পৃ. ৭-৮

## ৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন খাতে বরাদ্দ

স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন খাতে মোট বার্ষিক উন্নয়ন পরিকল্পনা কর্মসূচিতে বরাদ্দ প্রস্তাব করা হয়েছে ৪২ হাজার ১৮ কোটি টাকা - যার মধ্যে স্থানীয় সরকার বিভাগের জন্য ৪০ হাজার ৫০৪ কোটি, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জন্য ৭৬২ কোটি, এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন মন্ত্রণালয়ের জন্য ৭৫২ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে (লেখচিত্র-৩)। এবারের বাজেটের স্থানীয় সরকার বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচি বরাদ্দ মোট বার্ষিক উন্নয়ন কর্মসূচি বরাদ্দের ১৬ শতাংশ (লেখচিত্র-৩)।

**লেখচিত্র ৩: ২০২৩-২৪ অর্থবছরে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন খাতে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ প্রস্তাবনা**




তথ্যসূত্র: বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২৩-২৪, বিবরণী-১০, পৃ. ৫৩

## ৪. উপসংহার

স্থানীয় ও পল্লী উন্নয়ন বিভাগ পল্লী ও শহর অবকাঠামো নির্মাণ, নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন, নাগরিকদের জীবনমান বৃদ্ধি, জলাবদ্ধতা দূরীকরণ এবং গ্রামীণ অর্থনীতির অবকাঠামোগত উন্নয়নে কাজ করে চলেছে। “রূপকল্প ২০৪১”-এর অভীষ্ট লক্ষ্য অর্জনের দীর্ঘ মেয়াদী পরিকল্পনা হিসেবে প্রেক্ষিত পরিকল্পনা (২০২০-২০৪১) প্রণয়ন করা হয়েছে এবং মধ্যমেয়াদী পরিকল্পনা হিসেবে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২৫) প্রণয়ন করা হয়েছে। সমৃদ্ধি, অন্তর্ভূক্তিকরণ, দারিদ্র্য বিমোচন এবং বৈষম্যরোধ - মূলত এই বৃহৎ উদ্দেশ্যসমূহকে সামনে রেখে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা করা হয়েছে। জাতীয় উন্নয়নে স্থানীয় সরকারের অবদানও অনেকাংশে বেড়েছে। স্থানীয় সরকার বিভাগে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দের হার ক্রমান্বয়ে বৃদ্ধির কারণে এই অগ্রগতি সম্ভব হয়েছে। ঘোষিত বাজেট কর্মসূচিতেও এ ধারা অব্যাহত রাখার পরিকল্পনা রয়েছে।

This printed material was produced with the financial support of the European Union. Its contents are the sole responsibility of DT Global and CPD, and do not necessarily reflect the views of the European Union.